গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা ১ শাখা।

বিষয়ঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত এডিপিভুক্ত প্রকল্পসমূহের মে ২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

২১/০৬/২০১৭ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের মে ২০১৭ মাসের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী অধ্যক্ষ মতিউর রহমান । সভায় উপস্থিত ছিলেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো: আব্দুল জলিল।

২। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজিত।

৩। সভাপতি তাঁর সূচনা বক্তব্যে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় চলতি ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত এডিপিতে ০৭টি অনুমোদিত এবং ১১টি অননুমোদিত প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। ২০১৬-১৭ অর্থ বছরের সংশোধিত এডিপি বরাদ্দ ৩৯৪০০.০০ লক্ষ টাকা । মে ২০১৭ পর্যন্ত অবমুক্ত হয়েছে ৩৫৫৩৮.০০ লক্ষ টাকা (৯০%) এবং উক্ত সময় পর্যন্ত ব্যয় হয়েছে ৩৩৮৪৩.৪৫ লক্ষ টাকা (৮৬%)। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.১ | **''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়''শীর্ষক প্রকল্প:**<br>সভায় আলোচনা হয় যে, ''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত)'' শীর্ষক প্রকল্পের আওতায় দারুল আরকাম মাদ্রাসা প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারি/বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নেই এরুপ স্থানকে নিবার্চন এবং ডিপিপি'র প্রভিশন অনুযায়ী যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে যোগ্যতা সম্পন্ন শিক্ষক নিয়োগ করা প্রয়োজন। সভায় আরো আলোচনা হয় যে, ডাটা-বেইজ তৈরির বিষয়টি কতটুকু অগ্রগতি লাভ করছে তা আগামী সভায় উপস্থাপন করা যেতে পারে। সভাপতি অভিমত ব্যক্ত করেন যে, সরেজমিনে প্রকল্পের শিক্ষা কেন্দ্র পরিদর্শন কার্যক্রম জোরদার এবং ফিল্ড সুপারভাইজার ও কেয়ারটেকারগণ যাতে নিয়মিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কেন্দ্র পরিদর্শন করেন তা নিশ্চিত করা প্রয়োজন। এছাড়া, প্রকল্পের জনবল কাঠামোর আওতাভুক্ত উপ পরিচালক (অর্থ ও বাজেট) শীর্ষক ৬ষ্ঠ গ্রেডের পদটি প্রেষণে নিয়োগের নিমিত্ত জরুরি ব্যবস্থা গ্রহণের উপরও সভায় গুরুত্বারোপ করা হয়। | ক) ''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় (১ম সংশোধিত)'' শীর্ষক প্রকল্পের আওতায় দারুল আরকাম মাদ্রাসা প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>খ) ২০১৭ শিক্ষাবর্ষে ''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়''শীর্ষক প্রকল্পের আওতায় পরিচালিত শিক্ষা কেন্দ্রসমূহের ছাত্র-ছাত্রীদের নাম-ঠিকানা সম্বলিত ডাটা বেইজ তৈরির লক্ষ্যে গৃহীত পদক্ষেপ আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>গ) সরেজমিনে প্রকল্পের শিক্ষা কেন্দ্র পরিদর্শন কার্যক্রম জোরদার করতে হবে এবং ফিল্ড সুপারভাইজার ও কেয়ারটেকারগণ যাতে নিয়মিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কেন্দ্র পরিদর্শন করেন তা নিশ্চিত করতে হবে।<br>ঘ) প্রকল্পের জন্য প্রেষণে উপ পরিচালক (অর্থ ও বাজেট) পদে ৬ষ্ঠ গ্রেডের একজন উপযুক্ত কর্মকর্তা নিয়োগের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও প্রকল্প পরিচালক<br>প্রকল্প পরিচালক<br>প্রকল্প পরিচালক<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয় |
| ৩.২ | **মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প:**<br>সভায় প্রকল্পের আওতায় ইসলামিক ফাউন্ডেশন এবং বাইরের প্রকাশনা হতে কোন্ লেখক ও সংস্থার কতটি পুস্তক সংগ্রহ করা হয়েছে তার তালিকা মন্ত্রী মহোদয়ের অবগতির জন্য উপস্থাপন এবং মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পের ২য় পর্যায় প্রকল্পের জনবল কমিটির সভা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ বিভাগের সাথে যোগাযোগ করার ওপর গুরুত্বারোপ করা হয়। | ক) প্রকল্পের আওতায় ইসলামিক ফাউন্ডেশন এবং বাইরের প্রকাশনা হতে কোন্ লেখক ও সংস্থার কতটি পুস্তক সংগ্রহ করা হয়েছে তার তালিকা মন্ত্রী মহোদয়ের অবগতির জন্য উপস্থাপন করতে হবে।<br>খ) মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পের ২য় পর্যায় প্রকল্পের জনবল কমিটির সভা অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অর্থ বিভাগের সাথে যোগাযোগ করতে হবে। | প্রকল্প পরিচালক ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়<br>প্রকল্প পরিচালক |

( চলমান পৃ:/২)

| | | | |
|---|---|---|---|
| ৩.৩ | <u>ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প:</u> সভায় জানানো হয় যে, আগামী অর্থ বছরের বরাদ্দ অনুযায়ী প্রকল্পের কার্যক্রমের মাস ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা হচ্ছে যা অতিশীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। জনবল নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। আবেদনপত্র যাচাই-বাছাই করা হচ্ছে। প্রকল্পের জনবল নিয়োগের বিষয়ে ডিপিপি এবং প্রকল্পে নিয়োগ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক ঈদের পরে পরীক্ষা গ্রহণের প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ক) আগামী অর্থ-বছরের জন্য প্রকল্পের মাস ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) প্রকল্পের জনবল নিয়োগের বিষয়ে ডিপিপি এবং প্রকল্পে নিয়োগ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক ঈদের পরে পরীক্ষা গ্রহণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক<br>প্রকল্প পরিচালক |
| ৩.৪ | <u>**ইসলামিক ফাউন্ডেশনের জাতীয় পর্যায় ও জেলা লাইব্রেরীতে পুস্তক সংযোজন ও পাঠক সেবা কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প :**</u> প্রকল্প পরিচালক সভায় জানান যে, আগামী অর্থ-বছরের বরাদ্দ অনুযায়ী প্রকল্পের কার্যক্রমের মাস ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা হচ্ছে যা অতিশীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুযায়ী পুস্তক ক্রয় করা হয়েছে। তবে দরপত্র আহবান করে সফট্ওয়্যার তৈরি এবং ডাটা-এন্টির কাজটি চলতি অর্থ বছরে সম্পন্ন করা সম্ভব হবে না। সভায় দরপত্র আহবান করে সফট্ওয়্যার তৈরি এবং ডাটা-এন্টির কাজটি আগামী অর্থ বছরে সম্পন্ন করা এবং চলতি অর্থ বছরে যেসকল পুস্তক ক্রয় করা হয়েছে তার তালিকা মন্ত্রী মহোদয়ের অবগতির জন্য উপস্থাপন করার ওপর গুরুত্বারোপ করা হয়। | ক) আগামী অর্থ-বছরের জন্য প্রকল্পের মাস ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) দরপত্র আহবান করে সফট্ওয়্যার তৈরি এবং ডাটা-এন্টির কাজটি আগামী অর্থ বছরে সম্পন্ন করতে হবে।<br>গ) চলতি অর্থ বছরে যেসকল পুস্তক ক্রয় করা হয়েছে তার তালিকা মন্ত্রী মহোদয়ের অবগতির জন্য উপস্থাপন করতে হবে। | প্রকল্প পরিচালক<br>প্রকল্প পরিচালক<br>প্রকল্প পরিচালক ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। |
| ৩.৫ | <u>**মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায় প্রকল্প:**</u> প্রকল্প পরিচালক জানান যে, ৪র্থ পর্যায় প্রকল্পটি জুন'২০১৭ তে সমাপ্ত হবে। প্রকল্পের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করা সম্ভব হবে। জুন ২০১৭ এর পর প্রকল্পের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রদান করা প্রয়োজন। | ক) "মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়" শীর্ষক প্রকল্পের লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করার পদক্ষেপ অব্যাহত রাখতে হবে।<br>খ) জুন ২০১৭ এর পর প্রকল্পের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রদান করতে হবে। | প্রকল্প পরিচালক<br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। |
| ৩.৬ | <u>**মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায় প্রকল্প:**</u> সভায় জানানো হয় যে প্রকল্পটির উপর ১৮/০১/২০১৭ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। জনবল কমিটির সভার কার্যবিবরণী অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে ১৯/০৬/২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে । সভাপতি দ্রুত পিইসি সভা অনুষ্ঠানপূর্বক প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | "মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়" শীর্ষক প্রকল্পের পিইসি সভা অনুষ্ঠানপূর্বক প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও সচিব, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট। |
| ৩.৭ | <u>**ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্প :**</u> যুগ্মসচিব (উন্নয়ন) সভায় জানান যে, আগামী অর্থ-বছরের বরাদ্দ অনুযায়ী প্রকল্পের কার্যক্রমের মাস ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রণয়ন করা হচ্ছে যা অতিশীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। প্রকল্পটির সংশোধিত প্রস্তাবের ওপর পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী পাওয়ার পর সে অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হবে। সভাপতি প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | ক) আগামী অর্থ-বছরের জন্য প্রকল্পের মাস ভিত্তিক কর্ম-পরিকল্পনা প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্পটির সংশোধিত প্রকল্প প্রস্তাবের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক<br>প্রকল্প পরিচালক |
| ৩.৮ | <u>**প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্প :**</u> সভায় জানানো হয় যে, প্রকল্পটির সংশোধিত প্রস্তাব অনুমোদিত হয়েছে। জুন ২০১৭ এর মধ্যে বরাদ্দকৃত ৯৬.০০ লক্ষ টাকার সম্পূর্ণ ব্যয় করা সম্ভব হবে। প্রকল্পটির ২য় পর্যায়ের ডিপিপি প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। | ক) প্রকল্পটির অনুকূলে বরাদ্দকৃত ৯৬.০০ লক্ষ টাকা ব্যয়ের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ অব্যাহত রাখতে হবে।<br>খ) প্রকল্পটির ২য় পর্যায়ের ডিপিপি প্রণয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক |

| | | | |
|---|---|---|---|
| ৩.৯ | **3টি পার্বত্য জেলায় ইসলামিক মিশন হাসপাতাল স্থাপন ও সেবা কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প:**<br>সভায় জানানো হয় যে, পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী হাসপাতাল স্থাপনের বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সম্মতি গ্রহণের ক্ষেত্রে বান্দরবান ও খাগড়াছড়ি জেলার জন্য সম্মতি পাওয়া গেছে এবং রাঙ্গামাটি জেলার জন্য সম্মতি পাওয়া যায়নি। যে দুটি জেলার জন্য সম্মতি পাওয়া গেছে এ পর্যায়ে প্রকল্পের শিরোনাম পরিবর্তন করে সে দুটি জেলার জন্য হাসপাতাল তৈরির ডিপিপি প্রণয়নের উপর সভায় গুরুত্বারোপ করা হয়। | প্রকল্পের শিরোনাম পরিবর্তন করে বান্দরবান ও খাগড়াছড়ি জেলার জন্য মিশন হাসপাতাল স্থাপনের নিমিত্ত অতিসত্বর ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১০ | **গোপালগঞ্জ ইসলামিক মিশন স্বাস্থ্যসেবা এবং ইমাম প্রশিক্ষণ কমপ্লেক্স স্থাপন প্রকল্প:**<br>সভায় জানানো হয় যে, প্রকল্পটির ওপর অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে ১৯/০৬/২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। সভাপতি প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | গোপালগঞ্জ ইসলামিক মিশন স্বাস্থ্যসেবা এবং ইমাম প্রশিক্ষণ কমপ্লেক্স স্থাপন প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১১ | **সিরতা ময়মনসিংহ ও কালকিনী, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়গোনেস্টিক সেন্টার শক্তিশালীকরণ প্রকল্প:**<br>সভায় জানানো হয় যে, সিরতা ময়মনসিংহ ও কালকিনী, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়গোনেস্টিক সেন্টার শক্তিশালীকরণ" শীর্ষক প্রকল্পের জনবল কমিটির সভা ১৫/০৬/২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়েছে। অনুমোদন প্রক্রিয়াকরণের জন্য পরিকল্পনা কমিশনে ডিপিপি প্রেরণ করা হয়েছে। সভাপতি দ্রুত পিইসি সভা অনুষ্ঠানপূর্বক প্রকল্পটি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | সিরতা ময়মনসিংহ ও কালকিনী, মাদারীপুর ইসলামিক মিশন হাসপাতাল কমপ্লেক্স ভবন নির্মাণ এবং বায়তুল মোকাররম ডায়গোনেস্টিক সেন্টার শক্তিশালীকরণ শীর্ষক প্রকল্পটির দ্রুত পিইসি সভা অনুষ্ঠানপূর্বক অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১২ | **ময়মনসিংহে ইমাম প্রশিক্ষণ একাডেমী ও বিভাগীয় অফিস স্থাপন প্রকল্প:**<br>সভায় স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত এ প্রকল্পের নকশা অনুযায়ী গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে ব্যয় প্রাক্কলন করে ডিপিপি প্রণয়নের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ময়মনসিংহে ইমাম প্রশিক্ষণ একাডেমী ও বিভাগীয় অফিস স্থাপন প্রকল্পের ডিপিপি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১৩ | **জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্প:**<br>সভায় জানানো হয় যে, জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য গঠিত কমিটির প্রথম সভা ১৫/০৬/২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়েছে। ঈদের পর দ্বিতীয় সভা অনুষ্ঠিত হবে। সভায় জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য গঠিত কমিটির কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | জমিয়াতুল ফালাহ মসজিদ সম্প্রসারণ প্রকল্পের মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য গঠিত কমিটির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১৪ | **প্রতি জেলা ও উপজেলায় একটি করে মোট ৫৬০টি মডেল মসজিদ এবং ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন প্রকল্প:**<br>সভায় আলোচনা হয় যে, একনেক কর্তৃক প্রকল্পটি অনুমোদনকালে যে সকল সিদ্ধান্ত প্রদান করা হয়েছে। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা প্রয়োজন। এছাড়া, প্রকল্প পরিচালক নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং নক্শা চূড়ান্তকরণের লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রাখা প্রয়োজন। | ক) একনেক সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>খ) প্রকল্প পরিচালক নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং নক্শা চূড়ান্তকরণের কার্যক্রম চলমান রাখতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ও মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |

(চলমান পৃ:/৪)

| | | | |
|---|---|---|---|
| ৩.১৫ | **ওয়াক্ফ ভবনের উর্ধ্বমুখী ৩টি ফ্লোর নির্মাণ" ২০ তলা ভিত বিশিষ্ট ২টি বেজমেন্ট ফ্লোরসহ ৫তলা ওয়াক্ফ ভবনের উর্ধ্বমুখী ৩টি ফ্লোর নির্মাণ প্রকল্প:** সভায় জানানো হয় যে, প্রকল্পটির ডিপিপি'র ওপর মতামত প্রদানের জন্য ১১/০৬/২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনসহ বিভিন্ন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ঈদের পরে ডিপিইসি সভা অনুষ্ঠানের মাধ্যমে প্রকল্পটির অনুমোদন কার্যক্রম সম্পন্ন করা হবে। | প্রকল্পটির ডিপিপি অনুমোদনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ওয়াক্ফ প্রশাসক এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। |
| ৩.১৬ | **আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুন:নির্মাণ প্রকল্প:** সভায় জানানো হয় যে, কুয়েত সরকারের অর্থায়নে ২০ তলা ভবন নির্মাণের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য গঠিত কমিটির প্রথম সভা ১৫/০৬/২০১৭ তারিখে অনুষ্ঠিত হয়েছে। ঈদের পর সরেজমিনে প্রকল্প এলাকা পরিদর্শন করে সম্ভাব্যতা যাচাইয়ের কার্যক্রম করা হবে। সভাপতি প্রকল্পটির জন্য কুয়েত সরকারের নিকট হতে প্রাপ্ত অর্থ ব্যয় না হওয়ায় এবং প্রকল্পের কার্যক্রম শুরু না হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন এবং দ্রুত সম্ভাব্যতা যাচাইয়ের কার্যক্রম সম্পন্ন করে প্রকল্পের নির্মাণ কাজ শুরু করার নির্দেশনা প্রদান করেন। | দ্রুত সম্ভাব্যতা যাচাইয়ের কার্যক্রম সম্পন্ন করে প্রকল্পের নির্মাণ কাজ শুরু করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন এবং যুগ্মসচিব (উন্নয়ন), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। |
| ৩.১৭ | **ডিজিটাল ইনফরমেশন সিস্টেম ও ছাপাখানা আধুনিকীকরণ প্রকল্প:** সভায় আলোচনা হয় যে, ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড সভায় ইসলামিক ফাউন্ডেশন ছাপাখানা আধুনিকীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সে অনুযায়ী ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | ইসলামিক ফাউন্ডেশন ছাপাখানা আধুনিকীকরণের লক্ষ্যে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১৮ | **বায়তুল মোকাররম মসজিদ কমপ্লেক্স পুন: নির্মাণ প্রকল্প :** সভায় জানানো হয় যে, বায়তুল মোকাররম মসজিদের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য ইতোমধ্যে সম্পাদিত প্রকল্পের মূল কাজের মাস্টার প্ল্যান সংগ্রহের জন্য স্থপতি সংসদ লি: এর সাথে যোগাযোগ করা হয়েছে। ঈদের পরে তারা মাস্টার প্ল্যান সরবরাহ করবে মর্মে টেলিফোনে জানিয়েছে। সভাপতি মাস্টার প্ল্যান সংগ্রহের জন্য স্থপতি সংসদের সাথে যোগাযোগ রক্ষার নির্দেশনা প্রদান করেন। | মাস্টার প্ল্যান সংগ্রহের জন্য স্থপতি সংসদের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে। | যুগ্মসচিব (উন্নয়ন) ও মহাপরিচালক , ইসলামিক ফাউন্ডেশন |
| ৩.১৯ | **বিবিধ :** বায়তুল মোকাররম মসজিদের পূর্বদিকের টিনসেড অংশটি মসজিদ ডিজাইনের সাথে সঙ্গতিপূর্ণ ও নান্দনিক সৌন্দর্যে পরিপূর্ণ করে গড়ে তোলা প্রয়োজন বলে সচিব মহোদয় অভিমত ব্যক্ত করেন। | বায়তুল মোকাররম মসজিদের পূর্বদিকের টিনসেড অংশটি মসজিদ ডিজাইনের সাথে সঙ্গতিপূর্ণ ও নান্দনিক সৌন্দর্যে পরিপূর্ণ করে গড়ে তোলার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক , ইসলামিক ফাউন্ডেশন |

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/-১৭/০৭/২০১৭
অধ্যক্ষ মতিউর রহমান
মন্ত্রী
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

(চলমান পৃ:/৫)